

২২ আগস্ট থেকে শুরু হচ্ছে বিমানের দিল্লী, কলকাতা ফ্লাইট

- A Monitor Desk Report

Date: 17 August, 2021



ঢাকাঃ সকল প্রতীক্ষার অবসান ঘটিয়ে থেকে আকাশপথে ভারত ভ্রমণের সুযোগ উন্মুক্ত হচ্ছে। আগামী ২২ আগস্ট থেকে কলকাতা ও দিল্লীতে ফ্লাইট পরিচালনা ঘোষণা দিয়েছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। আজ প্রকাশিত বিমানের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে এয়ারলাইনটি ঢাকা-দিল্লী-ঢাকা রুটে সপ্তাহে ২দিন – বুধ এবং রবিবার এবং ঢাকা-কলকাতা-ঢাকা রুটে সপ্তাহে ৩দিন – রবি, মঙ্গল ও বৃহস্পতিবার ফ্লাইট পরিচালনা করবে।

ইতোপূর্বে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ ভারতের কাছে “এয়ার বাবল” চুক্তির আওতায় দ্বিপাক্ষিক ফ্লাইট পরিচালনার প্রস্তাব দেয়। ভারতীয় কর্তৃপক্ষ সেই প্রস্তাবে সায় দেয়ার পরেই বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ফ্লাইট পরিচালনার সিদ্ধান্ত নেয়। তবে, আর কোন বাংলাদেশী এবং ভারতীয় এয়ারলাইন চুক্তির আওতায় ফ্লাইট পরিচালনা করবে তা সম্পর্কে এখনো কিছু জানা যায়নি।

চলতি বছরের এপ্রিল মাস পর্যন্ত এয়ার বাবল চুক্তির আওতায় বেশ কয়েকটি এয়ারলাইন দু’দেশের মধ্যে ফ্লাইট পরিচালনা করে আসছিল। ভারতে করোনা পরিস্থিতির অবনতির কারণে এই ফ্লাইট কার্যক্রম বন্ধ হয়ে যায়।